



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিসারের কার্যালয়
গোপালপুর, টাঙ্গাইল।

সমবায় বিভাগের সিটিজেন চার্টার

বাংলাদেশ সরকারের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন সমবায় অধিদপ্তর গণমানুষের সেবা নিশ্চিত করার জন্য বর্তমান সরকারের উদ্দেশ্য পূরণকল্পে একটি যুগোপযোগী সিটিজেন চার্টার প্রণয়ন করেছে। সিটিজেন চার্টার অনুযায়ী সাধারণ জনগণ সমবায় বিভাগ থেকে নিম্নলিখিত সুবিধাদি পেয়ে থাকে :

নিবন্ধন ও উপ-আইন সংশোধন

- বৈধ উপায়ে নিজেদের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের জন্য ন্যূনতম ২০ (কুড়ি) একক ব্যক্তি সমন্বয়ে গঠিত প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়ে থাকে।
- সমবায় সমিতি নিবন্ধনের সময় সমবায় সমিতি পরিচালনার সুনির্দিষ্ট বিধানাবলী সমন্বিত উপ-আইন নিবন্ধন করা হয় এবং পরবর্তীতে প্রয়োজনবোধে উপ-আইনের সংশোধনী নিবন্ধন করা হয়।
- সরকারী কর্মসূচির আওতায় বিত্তহীন, ভূমিহীন এবং আশ্রয়হীনদের দারিদ্র বিমোচনের লক্ষ্যে গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা এবং অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ৩০০ (তিনশত) টাকা নিবন্ধন ফি জমা দিতে হয়।
- দারিদ্র বিমোচনের লক্ষ্যে স্বেচ্ছায় বা সরকারী কর্মসূচির আওতায় গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে তিন হাজার টাকা, ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি নিবন্ধনের জন্য কমপক্ষে এক কোটি টাকা এবং অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে বিশ হাজার টাকা পরিশোধিত মূলধন থাকতে হয়।

ব্যবস্থাপনা, অডিট, পরিদর্শন, বিরোধ নিষ্পত্তি ও অবসায়ন

- সমিতির ব্যবস্থাপনা গণতান্ত্রিকভাবে নির্বাচিত কমিটি কর্তৃক পরিচালিত হয়। কোন সমবায় সমিতি যথাসময়ে নির্বাচন করতে ব্যর্থ হলে জেলা/উপজেলা সমবায় অফিসার আইনের আওতায় অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করেন।
- জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মচারী বা ব্যক্তি দ্বারা প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা ও আর্থিক কার্যক্রমের উপর বার্ষিক নিরীক্ষা সম্পাদন করা হয়।
- সমিতিতে সংগঠিত যে কোন অনিয়ম জেলা সমবায় অফিসার পরিদর্শন কিংবা তদন্তের মাধ্যমে নিষ্পত্তি করেন। প্রাথমিক সমিতির নির্বাচন সহ যে কোন সৃষ্ট বিরোধ জেলা সমবায় অফিসারের নিকট দায়ের করা হলে তিনি বা নিযুক্ত সালিশকারী ন্যায় বিচার, সমতা ও সুবিবেচনা প্রসূতভাবে নির্ধারিত সময়ের মধ্যে রায় প্রদান করেন। রায়ে কেউ সংকুপ্ত হলে বিভাগীয় সমবায় দপ্তরের উপ-নিবন্ধক (বিচার) এর নিকট আপিল করতে পারেন। বিরোধ এবং আপিলের সাথে ১০০ (একশত) টাকার কোর্ট ফি সংযুক্ত করতে হয়।
- প্রাথমিক সমিতি অকার্যকর হলে কিংবা সদস্যগণ সমিতি পরিচালনায় অনগ্রহী হলে জেলা সমবায় অফিসার সমিতিকে অবসায়ন করতে পারেন। আবার সদস্যদের অগ্রহের কারণে অবসায়ন আদেশ প্রত্যাহার করতে পারেন।
- কুমিল্লা শহরের উপকণ্ঠে কোটবাড়ীতে অবস্থিত দেশের শীর্ষ সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান বাংলাদেশ সমবায় একাডেমি এবং মুক্তাগাছা আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়ে থাকে।
- জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট সমিতিতে গিয়ে সদস্যদের প্রশিক্ষণ দিয়ে থাকেন।
- সদস্যদের প্রশিক্ষণের টাকাসহ সদর কার্যালয়, বাংলাদেশ সমবায় একাডেমি ও মুক্তাগাছা আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটে অবস্থিত মোট ০৩টি/০২টি অত্যাধুনিক কম্পিউটার ল্যাবের মাধ্যমে ২০২৩/১২/২০ ১৪৭
- সদস্যদের প্রশিক্ষণের আধুনিক তথ্য ও প্রযুক্তিগত প্রশিক্ষণ দেয়া হয়ে থাকে।